

ইসলামী বিশ্ববিদ্যালয়

ধর্মঘট হয়নি ॥ উপাচার্যের সঙ্গে ছাত্র ঐক্যের বৈঠক

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ১২ই মে সংবাদদাতা।- ইসলামী বিশ্ববিদ্যালয়ে সর্বদলীয় ছাত্রঐক্যের ডাকা ধর্মঘট গতকাল (মঙ্গলবার) পালিত হয়নি। সোমবার গণতান্ত্রিক ছাত্রঐক্যকে ঘাইরে রেখে ছাত্রলীগ (শা-পা) ও জাতীয়তাবাদী ছাত্রদলের সাথে ছাত্র উপদেষ্টা, প্রক্টরের মধ্যে এ ক্যাম্পাসে একটা বৈঠক হয়। বৈঠকে উপস্থিত ছাত্র নেতৃবৃন্দ গতকালকের ছাত্র ধর্মঘট প্রত্যাহার করে নেয়।

ক্যাম্পাসে ধর্মঘটের কথা রোববার ঘোষণা হওয়ায় গতকাল ধর্মঘট ভেবে অধিকাংশ ছাত্রছাত্রী ক্যাম্পাসে আসেনি। ধর্মঘট প্রত্যাহার করে নেয়া সত্ত্বেও গতকাল কোন পরীক্ষা অনুষ্ঠিত হয়নি (বি.বি.এ মৌখিক ব্যর্তীত) এবং দুই/একটি বিভাগে মাত্র ক্লাস হয়েছে। পূর্বের ঘোষণা অনুযায়ী সকাল ১০টায় উপাচার্যের সাথে সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃবৃন্দের এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রায় আড়াই ঘন্টা ধরে আলোচনা হয় তবে কোন সিদ্ধান্তে উপনীত হতে পারেনি। ছাত্রঐক্যের নেতৃবৃন্দ ব্যবস্থাপনা বিভাগের সাত ছাত্রের এক বছর শিক্ষা জীবন

ফিরিয়ে দেবার দাবি ছাড়াও ৯ দফা দাবি সম্বলিত একটি স্মারকলিপি উপাচার্যের নিকট পেশ করা হয়।

গতকালকের বৈঠকে কোন সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়া যায়নি। ছাত্রঐক্যের নয় দফা নিয়ে মাননীয় উপাচার্য প্রফেসর কায়স উদ্দিন, অনুবদের উীন, বিভাগীয় চেয়ারম্যান, প্রক্টর, ছাত্র উপদেষ্টা ও হল প্রভোস্টকে নিয়ে আজ (বুধবার) সকাল ১০টায় এক বৈঠকে মিলিত হবে। ছাত্রঐক্যের নেতৃবৃন্দ বলেছে তাদের নয়দফা দাবি কর্তৃপক্ষ মেনে না নিলে আগামীতে ক্যাম্পাসে ছাত্র আন্দোলনের ডাক দেয়া হবে।

ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

ই. বি ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে গতকাল মঙ্গলবার ইলেকট্রনিক্স ও ফলিত পদার্থ বিভাগের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। সংশ্লিষ্ট নোটিশ বোর্ডে ফলাফল টাঙিয়ে দেয়া হয়েছে। একটি সূত্রে জানা গেছে আগামী ২০শে মের মধ্যে অধিকাংশ বিভাগের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।